



বাংলা একাডেমির ওয়েবসাইটে বইমেলার পেইজের ছবি

গ্রন্থমেলায় ঘরটি ফাঁকা

বাংলা একাডেমির ওয়েবসাইটে বইমেলার কোনো তথ্য নেই

রাজধানীতে চলছে বইমেলা। কিন্তু মেলার আয়োজক বাংলা একাডেমির ওয়েবসাইটে এর কোনো তথ্যই নেই। <http://www.banglaacademy.org.bd> ঠিকানার ওয়েবসাইটের প্রথম পৃষ্ঠায় 'অমর একুশে গ্রন্থমেলা ২০১৫' ঘরটি ফাঁকা। এতে ক্লিক করলে বইমেলার ওয়েবপেজে (<http://www.banglaacademy.org.bd/GronthoMela>) ঢোকা যায়। পৃষ্ঠাটির ওপরে যে তিনটি বইয়ের ছবি ও পরিচিতি আছে সেগুলো পুরোনো। এর নিচে বাঁ দিকের বক্সে লেখা আছে 'অমর একুশে গ্রন্থমেলা ২০১৫ : কোন আপডেট পাওয়া যায়নি।' ২০০৬-২০১৪-এর গ্রন্থমেলার লিঙ্কে ক্লিক করে সে পেইজটিও পাওয়া যায়নি। এর ডান দিকের ঘরে লেখা আছে 'এবারের গ্রন্থমেলায় প্রকাশিত টপ ২০ লেখকের নাম ও বইয়ের সংখ্যা' ও 'এবারের গ্রন্থমেলায় প্রকাশিত টপ ২০ প্রকাশকের নাম ও বইয়ের সংখ্যা'। দুটি লিঙ্কই ফাঁকা, কোনো তথ্য নেই। আর 'টপ ২০' কী ধরনের ভাষা, তাও বোধগম্য নয়। সাহিত্য পুরস্কার বিভাগে ২০১৩ সাল পর্যন্ত তথ্য রয়েছে।

গতকাল বৃহস্পতিবার ওয়েবসাইটে হালনাগাদ তথ্য না থাকার ব্যাপারে বাংলা একাডেমির মহাপরিচালক শামসুজ্জামান খান মুঠোফোনে বলেন, 'আমি একটু খোঁজ

নিয়ে দেখি +'সংশ্লিষ্ট ব্যক্তিদের সঙ্গে কথা বলে জানা যায়, ২০০৬ সালে বাংলা একাডেমির ওয়েবসাইটটি চালু হয়। ২০০৮ পর্যন্ত সাইটটির তথ্য হালনাগাদ হলেও এরপর নিয়মিত হালনাগাদের কাজটি করা হয়নি।

বাংলা একাডেমির উপপরিচালক (জনসংযোগ) মুরশিদ উদ্দিন আহমেদ প্রথম আলোকে বলেন, 'আসলে ওয়েবসাইটের প্রচারে আমার বিভাগের (সমস্বয় ও জনসংযোগ উপবিভাগ) নাম থাকলেও আমি এই ওয়েবসাইটের বিষয়ে কিছুই জানি না। আমি মনে করি বাংলা একাডেমির ওয়েবসাইটটি তথ্যবহুল হওয়া উচিত।'

সাইটটির কারিগরি সহযোগিতায় আছে ঢাকার প্রফেশনালস্ সিস্টেমস নামের একটি প্রযুক্তি প্রতিষ্ঠান। এর প্রধান নির্বাহী কর্মকর্তা হাসিব রহমান বলেন, 'আজ (বৃহস্পতিবার) আমাদের ফোন করে ওয়েবসাইটটি হালনাগাদ করতে বলা হয়েছে। তবে সময়মতো প্রয়োজনীয় তথ্য না পাওয়ায় হালনাগাদের কাজ ঠিকমতো হচ্ছে না।'

গতকাল রাত ১০টায় এ প্রতিবেদন লেখা পর্যন্ত সাইটটিতে বইমেলার তথ্য হালনাগাদ হয়নি।
—রাহিতুল ইসলাম